'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

## CC6-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'ছন্দ সরস্বতী' গ্রন্থটির রচয়িতার নাম লেখো। গ্রন্থটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) অতিপর্ব বলতে কী বোঝো? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(গ) দল কাকে বলে? দল কত প্রকার ও কী কী?

(ঘ) অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে? অমিত্রাক্ষর ছন্দে রচিত তাঁর দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঙ) 'অপহ্নুতি' শব্দের অর্থ কী? অপহ্নুতি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও।

(চ) শ্লেষ অলংকার কাকে বলে? শ্লেষ অলংকারের ভাগগুলির নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) মাত্রা কাকে বলে? বাংলার প্রধান তিন প্রকার ছন্দের মাত্রা নির্ণয় পদ্ধতি আলোচনা করো।

(খ) দলবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) ছন্দলিপি প্রস্তুত করোঃ

(অ) ঐ আসে ঐ অতি ভৈরব হরষে।
জল সিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে॥

(আ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥

(ঘ) রূপক অলংকার কাকে বলে? উদাহরণসহ এর প্রকারভেদগুলি আলোচনা করো।

(ঙ) যমক অলংকারের প্রকারভেদগুলি উদাহরণসহ আলোচনা করো।

(চ) অলংকার নির্ণয় করোঃ

(অ) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ মৌন অপমানে।

(আ) কালো জল ঢালতে সই কালা পড়ে মনে।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা ছন্দে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো।

(খ) মাত্রাবৃত্ত রীতির ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) অনুপ্রাস অলংকার কাকে বলে? এই অলংকারের শ্রেণিবিভাগগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ
অতিশয়োক্তি, উৎপ্রেক্ষা, সমাসোক্তি, ব্যতিরেক।

——×——